



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২



পরিবেশ দূষণকারী ধোঁয়া নির্গমন বা অন্য কোনো প্রকার নিঃসরণ বা নির্গমন করে এরূপ মোটরযান চলাচল বন্ধকরণ সংক্রান্ত বিআরটিএ'র জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকল মোটরযান মালিক ও মোটরযান চালকগণকে জানানো যাচ্ছে যে, মোটরযান থেকে পরিবেশ দূষণকারী ধোঁয়া নির্গমনের ফলে তা পরিবেশের উপর বিরূপ প্রভাব ফেলছে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৪৬ অনুযায়ী পরিবেশ দূষণকারী মোটরযান চলাচলের উপর বিধি-নিষেধ রয়েছে। কোনোভাবেই মোটরযান থেকে সরকার নির্ধারিত মাত্রার অতিরিক্ত পরিবেশ দূষণকারী ধোঁয়া নির্গমন বা অন্য কোনো প্রকার নিঃসরণ করার সুযোগ নেই। এছাড়াও পরিবেশ দূষণকারী কোনো যন্ত্র বা যন্ত্রাংশ মোটরযানে স্থাপন, পুনঃস্থাপন বা ব্যবহার করা যাবে না। এর ব্যত্যয়, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৮৯ অনুযায়ী একটি শাস্তিযোগ্য অপরাধ এবং এ কারণে কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয়দণ্ড ও মোটরযান চালকের ক্ষেত্রে অতিরিক্ত হিসেবে দোষসূচক পয়েন্ট কর্তনের বিধান রয়েছে। এমতাবস্থায়, মোটরযান মালিক এবং চালকগণকে পরিবেশ দূষণকারী ধোঁয়া নির্গমন বা অন্য কোনো প্রকার নিঃসরণ বা নির্গমন করে এরূপ মোটরযান চালনা বন্ধ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ